শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

DD(F)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
প্রাপ্তি নং ৮৫৫৬
তারিখ ৩১/১০/২০১৮
পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন)
সহকারী পরিচালক (সরঃ ও সিনিঃ মাদরাসা/প্রশাসন
দাখিল ও এবঃ মাদরাসা/অর্থ ও হিসাব/আইন/
প্রশিঃ ও শারীরিক/পরিকল্পনা ও উন্নয়ন)
নথিতে দিন
পরিচালক

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-৩৯৯

তারিখঃ ১৪ কার্তিক ১৪২৫
২৯ অক্টোবর ২০১৮

বিষয়ঃ মাননীয় হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং- ৩৭২/২০১৬ এর প্রেক্ষিতে রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার রায় বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩এম/৬৭/আইন/২০১৪/১১৩৪/২, তারিখ: ০৮/১০/২০১৮ খ্রি:।
(২) সুপার, কোনামালাঞ্চা আমেনা দাখিল মাদ্রাসা, মেলান্দহ, জামালপুর এর ০৭/১০/২০১৮ তারিখের

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনা মালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান কর্তৃক মাউশি অধিদপ্তরের ২৪/১২/২০১৩ তারিখের ১জি/৯৮৭বি/২০১১/২৯৫১০/৫ সংখ্যক স্মারকের বৈধতা চ্যালেঞ্জ করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ দায়ের করা হয়। উক্ত মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"In the result, the Rule is made absolute. In consequence whereof, it is declared that the impugned স্মারক নং-কোনা/স্বা/দা/মা/১(৭), তারিখ: ১৯.০১.২০১৪ and the impugned স্মারক নং-১জি/৯৮৭বি/২০১১/২৯৫১০/৫, তারিখ: ২৪.১২.২০১৩ have been made and issued without any lawful authority and are of no legal effect.

Accordingly, the Respondent No.3 and other respondent are directed to restore to the ptitioners the scale and the Code number that was allowed to the petitioner before issuance of the impugned letters hereby set aside. They are further directed to pay the qrrear salaries, if any as well as the government portion to the MPO that has been paid/creadted less to his account, within 30 working days from the date of receipt of the judgment and order"

০২। বর্ণিত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে নিম্মোক্ত ২টি সিভিল পিটিশন ফর লিভ টু আপিল মামলা দায়ের করা হয়। যথাক্রমে-

(ক) সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৮০৮/২০১৬ মামলাটি ৩৫৭দিন সময় দ্বারা বারিত হওয়ায় গত ১১/১২/২০১৭ তারিখে মাননীয় আদালত কর্তৃক আপিলটি খারিজ করে নিম্নরূপ আদেশ দেয়া হয়-

"The leave petition is out of time by 357 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation."

এবং (খ) সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The operation of the judgment and order of the High court Division in Writ Petition No. 1451 of 2014 be stayed subject to condition that respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal"

০৩। মাননীয় হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রিট মামলার রায়/নির্দেশনায় আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পিটিশনার এর বেতনস্কেল (৯ নং কোড) পুনর্বহালসহ বকেয়া প্রদানের আদেশ দেয়া হয়েছে, কিন্তু আপিল নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের রায়/নির্দেশনায় আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আপিল মামলার Respondent No. 1 (পিটিশনার) এর ১০ নং কোডে বেতন ভাতার সরকারি অংশ (MPO) প্রদানসহ তৎকর্তৃক অতিরিক্ত গৃহীত টাকা চালানে জমা প্রদানের বিষয়টি স্থগিত করা হয়েছে।

০৪। রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা অনুযায়ী প্রতিকার না পাওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৭২/২০১৬ (রিট পিটিশন নং ১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশন নং-৩৭২/২০১৬ (রিট পিটিশন নং ১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলায় ১০/০১/২০১৭ তারিখের শুনানীর সময় পিটিশনার এর আইনজীবী কর্তৃক দাখিলকৃত আবেদন অনুযায়ী কনটেম্পটনরগণের ব্যক্তিগত শুনানীর বিষয়টি রেকর্ডভুক্ত করত: কোনরকম অপারগতা ব্যতিরেকে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/২০১৫ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন করার জন্য রেসপনডেন্ট কনটেম্পটনরগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৫। মাউশি অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টাও আপিল নং-৩৬১১/২০১৬ মামলার রায়ের সাথে একমত পোষণ করে নিম্নরূপ মতামত প্রদান করেন-

"Government as well as the Madrasha Authority filed appeal against the said judgment. Leave was granted in Civil Petition No. 3611 of 2016 with the further order to pay him MPO on Code 10 till dispose of the appeal. In such view of the matter, our opinion is that the Directorates should grant him MPO in Code 10 till dispose of the appeal in the Appeallate Division".

০৬। বর্ণিতাবস্থায়, যেহেতু বিজ্ঞ আপিল আদালত কর্তৃক আপিল নং-৩৬১১/২০১৬ মামলাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পিটিশনার-কে ১০ নং কোডে বেতন ভাতা'র সরকারি অংশ (MPO) প্রদান (এমপিও চালু) করাসহ তৎকর্তৃক অতিরিক্ত গৃহীত টাকা চালানে জমা প্রদানের বিষয়টি স্থগিত করা হয়েছে। সেহেতু আপিল নং-৩৬১১/২০১৬ মামলাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান-কে ১০ নং কোডে বেতন ভাতার সরকারি অংশ (MPO) প্রদান (এমপিও চালু) করত: এ বিভাগকে (প্রমাণকসহ) আগামী ১৫/১১/২০১৮ খ্রি: তারিখের মধ্যে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩,
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

---

''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৬.১৮-৩৫২

তারিখ: ১৪ .১১.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত পত্রের মর্মমতে পদক্ষেপ গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪.১১.১৮
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সুপার
কোনা মালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসা।
ডাক: হাজরাবাড়ী, উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা),সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেলান্দহ, জামালপুর।
০৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:, মেলান্দহ শাখা, জামালপুর।
০৬. সভাপতি, কোনা মালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসা, ডাক: হাজরাবাড়ী, উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর।
০৭. সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান, কোনা মালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসা, ডাক: হাজরাবাড়ী, উপজেলা: মেলান্দহ জেলা: জামালপুর।
০৮. অফিস কপি।